

সরকারবিরোধী মন্তব্য করার অভিযোগে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থী জাহিদুর রহমানকে (২২) ছাত্রলীগের নেতাকর্মীরা পিটিয়েছেন বলে অভিযোগ উঠেছে। পরে ওই ছাত্রকে পুলিশে দিয়ে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

কুয়েটের ইলেকট্রনিকস অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র জাহিদুর রহমান বর্তমানে খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছেন। ভর্তি অবস্থায় তাঁকে গ্রেপ্তার দেখিয়েছে পুলিশ।